দৈনিক ইত্তেফাক ১৩

তারিখ ... ... JAN 25 2000
পৃষ্ঠা ৩ কলাম ৩

# কুমিল্লা বোর্ডের প্রায় ৪ হাজার এইচএসসি পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

কুমিল্লা সংবাদদাতা ॥ কুমিল্লা শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালে অনুষ্ঠিত এইচ, এস, সি পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও পরীক্ষায় নিয়ম বিধিলংঘনের দায়ে ৩ হাজার ৭৮৯ জন পরীক্ষার্থীকে বিভিন্ন মেয়াদের শাস্তি প্রদান করা হইয়াছে।

অভিযুক্ত পরীক্ষার্থীদের উত্তরপত্র যাচাই ও পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের দাখিলকৃত অভিযোগের ভিত্তিতে বোর্ডের শৃঙ্খলা কমিটি পরীক্ষ-নিরীক্ষা, যাচাই-বাছাই এবং বিচার বিবেচনা করিয়া এই শাস্তি প্রদান করে।

বোর্ডের শৃঙ্খলা কমিটি ৩ হাজার ৩৮৩ জন পরীক্ষার্থীর '৯৯ সালের পরীক্ষা বাতিল করিয়াছে। কমিটি ৩৩৪ জন পরীক্ষার্থীর '৯৯ সালের পরীক্ষা বাতিল এবং ২000 সালের পরীক্ষায় অংশ গ্রহণ হইতে বিরত রাখিয়াছে। তবে তাহারা ইচ্ছা করিলে এবং রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকিলে ২000 সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করিতে পারিবে।

(৯ম পৃঃ দ্রঃ)

## কুমিল্লা বোর্ডের প্রায়

(৩য় পৃঃ পর)

শৃঙ্খলা কমিটি ৭২ জন পরীক্ষার্থীর ১৯৯৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষা বাতিল এবং ২000 ও ২00১ সালের পরীক্ষায় অংশ গ্রহণ হইতে বিরত রাখার সিদ্ধান্ত নিয়াছে। তবে তাহারা ইচ্ছা করিলে এবং রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকিলে ২00২ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করিতে পারিবে।

বোর্ডের এই সিদ্ধান্তের কথা বোর্ডের অধীন সকল এইচ এস সি পরীক্ষা কেন্দ্রের সচিবদের মাধ্যমে সকল কলেজের অধ্যক্ষদের জানাইয়া দেওয়া হইয়াছে।

### ৮ শত পরীক্ষার্থীর ভাগ্য ঝুলিতেছে

এদিকে উক্ত বোর্ডের ১৯৯৯ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ৮ শত পরীক্ষার্থীর ভাগ্য ঝুলিয়া আছে। তাহারা উত্তরপত্র পুনঃ মূল্যায়নের জন্য আবেদন জানাইয়াছে।

বোর্ডের সংশ্লিষ্ট সূত্র জানাইয়াছে, ৮ শত পরীক্ষার্থী উত্তর পত্র পুনঃ মূল্যায়নের জন্য আবেদন জানাইয়াছে। তাহারা নিয়ম অনুযায়ী প্রতি বিষয়ে পুনঃমূল্যায়ন ফিস বাবদ ৭৫ টাকা করিয়া জমা দিয়াছে। পরীক্ষার্থীরা জানায়, একদিকে পরবর্তী বছরের এইচ এস সি পরীক্ষার ফরম পূরণের তারিখ ঘনাইয়া আসিয়াছে, অপরদিকে স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির সময় ইতিমধ্যে শেষ হইয়া গিয়াছে।

পরীক্ষার উত্তরপত্র পুনঃ মূল্যায়নের জন্য আবেদনকারী পরীক্ষার্থীরা এবং তাহাদের অভিভাবকগণ পুনঃ মূল্যায়নের ফলাফল প্রকাশ না করায় চরম উৎকন্ঠার মধ্যে রহিয়াছে।

কুমিল্লা শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার উপ পরীক্ষা নিয়ন্ত্রকের সহিত যোগাযোগ করিলে তিনি জানান, উত্তরপত্র পুনঃ মূল্যায়নের কাজ চলিতেছে এবং খুব শীঘ্রই ইহার ফলাফল প্রকাশ করা হইবে।